সমকাল

তারিখ ... 21 SEP 2015
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫

# মেডিকেলে ভর্তি পরীক্ষার ফল বাতিলের দাবি বিএনপির

■ সমকাল প্রতিবেদক

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার ঘোষিত ফল বাতিলের দাবি জানিয়েছে বিএনপি। মেডিকেলের ভর্তি পরীক্ষা নতুন করে নেওয়া ও প্রশ্ন ফাঁস বন্ধে সরকারকে কঠোর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছে দলটি। একই সঙ্গে সারাদেশে কোরবানির পশুর হাটগুলো ক্ষমতাসীন দলের লোকেরা ইজারা নিয়ে দ্বিগুণ-তিন গুণ হাসিল আদায় করছে বলেও অভিযোগ করেছে বিএনপি।

গতকাল রোববার নয়াপল্টনে কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে বিএনপির মুখপাত্র ও আন্তর্জাতিকবিষয়ক সম্পাদক ড. আসাদুজ্জামান রিপন এসব কথা বলেন।

ড. রিপন বলেন, মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। ফাঁস হওয়া প্রশ্নপত্রে এটি একটি জাল পরীক্ষা ছিল। তিনি বলেন, স্বাস্থ্য অধিদপ্তর যে ফল ঘোষণা করেছে, তা অবশ্যই বাতিল করতে হবে। মেডিকেলে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আন্দোলনকে ন্যায়সঙ্গত আখ্যা দিয়ে এর প্রতি নৈতিক সমর্থন জানান তিনি।

সরকারের তরফ থেকে বলা হচ্ছে, কোনো প্রশ্নপত্র ফাঁস হয়নি। আমরা সরকারের কাছে জানতে চাই, প্রশ্নপত্র যদি ফাঁস না হয়ে থাকে, তাহলে কেন প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের একজন সহকারী পরিচালকসহ কয়েকজনকে র‍্যাব গ্রেফতার করল। পরীক্ষার্থীদের অভিযোগের বরাত দিয়ে তিনি বলেন, পরীক্ষার আগের রাতে এবং পরীক্ষার দিন সকালে ফেসবুকের মাধ্যমে মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তির প্রশ্নপত্র ছড়িয়ে দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট ফেসবুকের আইডি অনুসন্ধান করলেই তা বের করা যায়। কিন্তু সরকার তা না করে একগুঁয়েমি দেখিয়ে জাল ফল প্রকাশ করেছে। সংবাদ সম্মেলনে বিএনপির কেন্দ্রীয় নেতা খায়রুল কবীর খোকন, আবদুস সালাম আজাদ, আসাদুল করীম শাহিন প্রমুখ উপস্থিত ছিলেন।